গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২৩-১১৭

তারিখ : ৩০ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

# "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" এর বিজ্ঞপ্তি

যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি **২০২৩-২০২৪** অর্থবছরে উল্লিখিত ০৫টি ক্যাটাগরিতে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

## পুরস্কার ক্যাটাগরির নাম

| ক্রমিক নং | ক্যাটাগরির নাম | পুরস্কার সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| ১. | যুব উন্নয়ন ও কর্মসংস্থানে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | প্রতিটি পুরস্কার নগদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা/প্রাইজবন্ড, একটি সম্মাননা ক্রেস্ট এবং একটি সার্টিফিকেট |
| ২. | শিক্ষা, বিজ্ঞান, তথ্য প্রযুক্তি, কারিগরির ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৩. | দেশ প্রেম, বীরত্ব ও সাহসিকতার ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য | ০৩(তিন)টি | |
| ৪. | জ্যেষ্ঠদের প্রতি আদর্শ সেবা/ সমাজকল্যাণে অসাধারণ অবদানের জন্য | ০৩ (তিন)টি | |
| ৫. | ক্রীড়া, কলা ও সংস্কৃতিতে উল্লেখযোগ্য অবদানের জন্য | ০৩ (তিন)টি | |

## আবেদনের শর্তাবলী

১. আবেদনকারীকে অবশ্যই **১৮ হতে ৪৫** বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরা এ পুরস্কারের জন্য আবেদন করতে পারবেন।

৩. ঢাকা জেলার (মহানগরীসহ) আগ্রহী প্রার্থীগণকে অনলাইন এবং অফলাইন (হার্ড কপি) উভয় মাধ্যমে আবেদন দাখিল করতে হবে।

৪. ঢাকা জেলা ব্যতীত অবশিষ্ট ৬৩ জেলার আগ্রহী প্রার্থীগণকে **উপজেলা নির্বাহী অফিসার** বরাবর নির্ধারিত ফরমে সরাসরি আবেদন (অনলাইন ব্যতীত) দাখিল করতে হবে। তবে মহানগরীর (ঢাকা মহানগরী ব্যতীত) ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি **জেলা প্রশাসক** বরাবর আবেদন করতে হবে।

৫. উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং ঢাকা জেলা ব্যতীত অবশিষ্ট ৬৩ জেলার জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে। এ ছাড়া চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে জেলা প্রশাসক ও যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে আবেদন দাখিল করা যাবে।

৬. আবেদনের সাথে দাখিলকৃত প্রোফাইলের বিষয়ে ০২ (দুই) জন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। বিশিষ্ট ব্যক্তি বলতে-মাননীয় সংসদ সদস্য, সিটি কর্পোরেশনের মেয়র, প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা, উপজেলা পরিষদের চেয়ারম্যান, পৌরসভার মেয়র এবং সরকারী, আধাসরকারি/স্বায়ত্তশাসিত/রাষ্ট্রায়ত্ত সংস্থায় জাতীয় বেতন স্কেলের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডে কর্মরত কর্মকর্তাগণকে বুঝাবে।

৭. একজন আবেদনকারী কেবলমাত্র একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন ।

৮. ফৌজদারি মামলায় দন্ডিত কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না ।

৯. সমাজ বা রাষ্ট্র বিরোধী কাজে লিপ্ত কোন যুব এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১০. ঋণখেলাপি কোন ব্যক্তি এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১১. চূড়ান্তভাবে বিজয়ীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে ক্যাটাগরিভিত্তিক মেধাক্রমের শীর্ষ থেকে পরবর্তী বিজয়ী নির্বাচিত হবেন।

১২. ইতঃপূর্বে শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড প্রাপ্তগণ এ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

১৩. ক্ষেত্র বিশেষে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড বা উপযুক্ত কর্তৃপক্ষ পুরস্কারের পরিমাণ ও সংখ্যা হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

১৪. পুরস্কার প্রদানের বিষয়টি সম্পূর্ণ যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের এখতিয়ারভুক্ত হওয়ায় এ বিষয়ে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা হবে।

পাতা/২

২। ঢাকা জেলার (মহানগরীসহ) প্রার্থীগণ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.moysports.gov.bd) -এ প্রবেশ করে **অভ্যন্তরীণ ই-সেবাসমূহের** আওতাধীন **"শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড সিস্টেম"** নির্বাচন করে নিবন্ধন প্রক্রিয়া শেষে নির্ধারিত ফরমে ( উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং মহানগরীর ক্ষেত্রে জেলা প্রশাসক ) অলাইন (https://award.moysports.gov.bd) এবং অফলাইন উভয় মাধ্যমে **আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ ( ১৬ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ )** তারিখের মধ্যে আবেদন করতে পারবেন। **উল্লেখ্য, শুধুমাত্র ঢাকা জেলার (মহানগরীসহ) প্রার্থীগণকে অনলাইন এবং অফলাইন (হার্ড কপি) উভয় মাধ্যমে আবেদন করতে হবে।** নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে।

৩। ঢাকা জেলা ব্যতীত ৬৩ জেলার ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইটে **(www.moysports.gov.bd)** প্রবেশ করে **"শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪"** নির্বাচন করে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড **(download)** পূর্বক অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে **আগামী ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ ( ১৬ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ )** তারিখের মধ্যে সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর আবেদন বিবেচিত হবে না।

৪। সরাসরি দাখিলকৃত আবেদনের সাথে যথাযথ প্রমাণক ( সনদপত্র, প্রত্যায়ণপত্র, ছবি, ভিডিও, সিডি/পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি ) সংযুক্ত করতে হবে।

৫। এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সহযোগিতা নেয়া যেতে পারে।

স্বাক্ষরিত
১৫/১১/২০২৩ খ্রি.
মো: রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নং-৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২৩-১১৯

তারিখ : ০১ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ / ১৬ নভেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মন্ত্রণালয়ের নির্দেশনাসমূহের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানপূর্বক পত্রটি মাঠ পর্যায়ে সংশ্লিষ্টদের নিকট প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ )।

২। যুগ্মসচিব (যুব), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, ঢাকা [ **নির্ধারিত ১৬/০১/২০২৪ খ্রি. হতে ০৪/০২/২০২৪ খ্রি. তারিখে মধ্যে জেলা কমিটির কার্যবিবরণীর আলোকে পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক মেধাক্রমের শীর্ষ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (অনলাইন ও অফলাইন আবেদনসহ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ** ]।

৪। জেলা প্রশাসক (ঢাকা জেলা ব্যতীত অন্য ৬৩টি জেলা) [ **নির্ধারিত ১৬/০১/২০২৪ খ্রি. হতে ০৪/০২/২০২৪ খ্রি. তারিখে মধ্যে জেলা কমিটির কার্যবিবরণীর আলোকে পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক মেধাক্রমের শীর্ষ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (আবেদন ও তথ্যাদিসহ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে বিশেষ বাহক মারফত প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ** ]।

৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল) [ **নির্ধারিত ০১/০১/২০২৪ খ্রি. হতে ১৫/০১/২০২৪ খ্রি. তারিখে মধ্যে সকল প্রক্রিয়া শেষে প্রাপ্ত আবেদনপত্রসমূহ জেলা কমিটির সভাপতি হিসেবে জেলা প্রশাসক বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]**

৮। উপপরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয় ( **তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো** ) :

(১) এ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে তার অধীনস্থ সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সার্বিক সহযোগিতা প্রদানসহ সার্বক্ষনিক তদারকির ব্যবস্থা গ্রহণ করা।

(২) উপজেলা কমিটি নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে কার্যপরিধি অনুযায়ী জেলা কমিটি বরাবর আবেদনসমূহ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা।

(৩) এ মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী জেলা কমিটি ও উপজেলা কমিটির কর্মপরিধির আলোকে সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

পাতা/৩

(৪) উপজেলা কমিটির নিকট হতে যথানিয়মে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত **১৬ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ০৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.** তারিখের মধ্যে সকল প্রক্রিয়া সম্পন্ন করে (জেলা কমিটির সভাসহ) কার্যপরিধির আলোকে প্রস্তুতকৃত মেধাক্রমের পূর্ণাঙ্গ তালিকা, জেলা কমিটির মন্তব্য ও সুপারিশ সম্বলিত কার্যবিবরণী এবং পুরস্কারের প্রতিটি ক্যাটাগরীর বিপরীতে মেধাক্রমের শীর্ষ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (আবেদন ও তথ্যাদিসহ) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বরাবর প্রেরণ নিশ্চিত করা ( **ঢাকা জেলার ক্ষেত্রে অফলাইন এবং অনলাইন উভয়ের মাধ্যমে প্রাপ্ত আবেদনসহ**)।

(৫) ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ **ছক-১** অনুযায়ী পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন, জেলা কমিটি কর্তৃক **ছক-২** অনুযায়ী প্রতিটি আবেদনের মূল্যায়ন এবং **ছক-৩** অনুযায়ী মেধাক্রমের তালিকা প্রণয়নপূর্বক একই নিয়মে পুরস্কারের প্রতিটি ক্যাটাগরীর বিপরীতে মেধাক্রমের শীর্ষ হতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন আবেদনকারীর তালিকা (আবেদন ও তথ্যাদিসহ) নির্ধারিত সময়ের মধ্যে যথানিময়মে এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করা।

(৬) **ছক-১, ছক-২ ও ছক-৩** এর সকল তথ্যাদি (**সফট কপি**) **Nikosh** ফন্ট-এ নির্ধারিত সময়ের মধ্যে ই-মেইলযোগে (**sk.majumder11@gmail.com**) প্রেরণ নিশ্চিত করা।

৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা ( ওয়েবসাইটে প্রকাশের জন্য )।

১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা কার্যালয়/থানা ইউনিট কার্যালয় ( **তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো** ) :

(১) পুরস্কারের ক্যাটাগরিভিত্তিক সকল আবেদন বিজ্ঞপ্তির শর্তাবলীর আলোকে যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষাপূর্বক **ছক-১** অনুযায়ী পূর্ণাঙ্গ তালিকা প্রণয়ন করে নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা কমিটির সভায় উপস্থাপন এবং অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা ;

(২) এ মন্ত্রণালয়ের ০১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৫১.৯১.০০১.২২-২৬৩ সংখ্যক পরিপত্র অনুযায়ী উপজেলা কমিটির কার্যপরিধি যথাযথভাবে অনুসরণ করা ;

(৩) **ছক-১** অনুযায়ী **Nikosh** ফন্ট-এ প্রস্তুতকৃত পুর্ণাঙ্গ তালিকার সফট কপি জেলা কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণ নিশ্চিত করা ;

(৪) নির্ধারিত **০১ জানুয়ারি, ২০২৪ খ্রি. হতে ১৫ জানুয়ারি, ২০২৪ খ্রি.** তারিখের মধ্যে উপজেলা পর্যায়ের সকল প্রক্রিয়া সম্পন্ন করে কার্যপরিধির আলোকে প্রস্তুতকৃত পূর্ণাঙ্গ তালিকা (সকল আবেদন ও তথ্যাদিসহ) এবং সভার সুপারিশ সম্বলিত কার্যবিবরণী উপজেলা কমিটির সভাপতির মাধ্যমে জেলা কমিটির সভাপতি বরাবর প্রেরণ নিশ্চিত করা ।

১১। অফিস কপি।

১৬.১১.২০২৩

মো: রবিউল ইসলাম
উপসচিব
ফোন : ২২৩৩৮৫১৮৬

বি : দ্র : ১. প্রার্থীগণের আবেদন দাখিলের সময়সীমা : বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে **৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ পর্যন্ত।**

২. উপজেলা কমিটির মাধ্যমে জেলা কমিটি বরাবর আবেদনসমূহ প্রেরণের সময়সীমা : **০১ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ হতে ১৫ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত।**

৩. জেলা কমিটির মাধ্যমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণের সময়সীমা : **১৬ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ হতে ০৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত** ।

৪. সংযুক্তি :
- (ক) আবেদনপত্রের তথ্যাদি প্রণয়ন সংক্রান্ত **ছক-১**
- (খ) আবেদনপত্র মূল্যায়ন **ছক-২**
- (গ) মেধাক্রমের শীর্ষ ০৫ (পাঁচ) জনের তালিকা প্রণয়ন সংক্রান্ত **ছক-৩**

মহাপরিচালকের কার্যালয়
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন শাখা
<u>যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।</u>

নথি নং- ৩৪.০১.০০০০.০২৬.২৩.১২৫.২১-১১১২ তারিখ- ১৯ নভেম্বর ২০২৩ ।

এতদসঙ্গে সংযুক্ত "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি জেলা/উপজেলা পোর্টাল, প্রশিক্ষণ ক্লাশ, কার্যালয়ের নোটিশ বোর্ডসহ যুব সংগঠনগুলোতে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ এবং বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হলো:

০১। উপপরিচালক------------------------------(সকল জেলা), যুব উন্নয়ন অধিদপ্তর।
০২। প্রোগ্রামার, আইসিটি শাখা, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/থানা যুব উন্নয়ন কর্মকর্তা------------------------(সকল)উপজেলা/থানা-------------------------(সকল) জেলা।

সদয় জ্ঞাতার্থে:

০১। পরিচালক --------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। উপসচিব, যুব-০১ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অফিস কপি।

২৯।১১।২৩

(অঞ্জলী রানী হাওলাদার)
সহকারি পরিচালক
বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন
ফোন-০২-২২৩৩৮৯৩১০

# ছক-২

জেলা:........................

**ক্যাটাগরীর নাম : .......................................................................................................**

**<u>চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনসমূহের মানবন্টনের নির্দেশক অনুযায়ী জেলা কমিটির মূল্যায়ণ</u>**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা (উপজেলা অনুযায়ী) | আবেদনকারীর বর্তমান বয়স (১৫/১১/২০২৩ তারিখে) | কার্যক্রমের ব্যপ্তিকাল অনুযায়ী মূল্যায়ণ **(সর্বোচ্চ ২০ নম্বরের মধ্যে)** | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা এবং সরাসরি উপকারভোগীর সংখ্যর বিবরণ অনুযায়ী মূল্যায়ণ **(সর্বোচ্চ ২০ নম্বরের মধ্যে)** | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপনের ভিত্তিতে মূল্যায়ণ **(সর্বোচ্চ ১০ নম্বরের মধ্যে)** | জঙ্গীবাদ, সন্ত্রাস, বাল্যবিবাহ, মাদক, যৌতুক প্রতিরোধ এবং শিশু শ্রম ও সমজাতীয় কার্যক্রম নিরসনের ক্ষেত্রে আবেদনকারীর অবদান বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ চেতনা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম, সমাজকল্যাণ, নারী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সেবা, কৃষি, শিল্প, পল্লী উন্নয়ন, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে আবেদনকারীর অবদান বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | কার্যক্রমের সময়কাল বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | জাতীয় বা আন্তর্জাতিক অন্যান্য স্বীকৃতি পুরস্কার /বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | প্রতিফলনযোগ্যতা (Replicability) বিবেচনায় (আবেদনকারীর কার্যক্রম সমাজে অনুসরণ, অনুকরণ, ও ফলাফল বিষয়ক) মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | সর্বমোট প্রাপ্ত নম্বর | জেলা কমিটির মন্তব্য/সুপারিশ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | |

জেলা প্রশাসক<br>ও<br>সভাপতি<br>"শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" এর আবেদনপত্র<br>যাচাই-বাছাই সংক্রান্ত জেলা কমিটি

# ছক-১

**উপজেলা: .......................**

**ক্যাটাগরীর নাম: ....................................................................................**

**<u>চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে “শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪” প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনসমূহের ক্যাটাগরি অনুযায়ী তথ্য বিবরণ</u>**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা এবং জাতীয় পরিচয়পত্র | বর্তমান ঠিকানা | মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর | আবেদনকারী বর্তমান বয়স ( ১৫.১১.২০২৩ তারিখে) | আবেদনকারীর সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ও পেশা | প্রার্থীত ক্যাটাগরির বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ সংযুক্ত করা হয়েছে কিনা? | কার্যক্রমের ব্যাপ্তিকালের বিবরণ | ক. প্রকল্প/কাজ দ্বারা প্রভাবিত জনসংখ্যা<br>খ. সরাসরি উপকারভোগীর সংখ্যা<br>গ. কার্যক্রমের সময়কাল এবং<br>ঘ. জাতীয় বা আন্তজার্তিক অন্যান্য স্বীকৃতি/পুরস্কার এর সংক্ষিপ্তি বিবরণ | ক. জঙ্গীবাদ, সন্ত্রাস, বাল্যবিবাহ, মাদক, যৌতুক প্রতিরোধ এবং শিশু শ্রম ও সমজাতীয় কার্যক্রম নিরসনের ক্ষেত্রে অবদান রয়েছে কিনা ?<br>**এবং**<br>খ. স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ চেতানা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম, সমজাকল্যাণ, নারী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সেবা, কৃষি, শিল্প, পল্লী উন্নয়ন, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে আবেদনকারীর অবদান আছে কিনা ? | ক. সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার,<br>খ. কার্যক্রমের প্রমাণাদি,<br>গ. প্রতিফলনযোগ্যতা এবং<br>ঘ. দুইজন বিশিষ্ট ব্যক্তির প্রত্যয়ন আবেদনের সাথে রয়েছে কিনা ? | উপজেলা কমিটির মন্তব্য/সুপারিশ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১. | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | |

উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
“শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড” এর আবেদনপত্র
যাচাই-বাছাই সংক্রান্ত উপজেলা কমিটি

## ছক-২

জেলা:………………..

**ক্যাটাগরীর নাম : ……………………………………………………………………………………………**

**চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত প্রাপ্ত আবেদনসমূহের মানবন্টনের নির্দেশক অনুযায়ী জেলা কমিটির মূল্যায়ণ**

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা (উপজেলা অনুযায়ী) | আবেদনকারীর বর্তমান বয়স (১৫/১১/২০২৩ তারিখে) | কার্যক্রমের ব্যপ্তিকাল অনুযায়ী মূল্যায়ণ **(সর্বোচ্চ ২০ নম্বরের মধ্যে)** | কার্যক্রম দ্বারা প্রভাবিত জনসংখ্যা এবং সরাসরি উপকারভোগীর সংখ্যার বিবরণ অনুযায়ী মূল্যায়ণ **(সর্বোচ্চ ২০ নম্বরের মধ্যে)** | কার্যক্রমের প্রমাণাদি উপস্থাপনের ভিত্তিতে মূল্যায়ণ **(সর্বোচ্চ ১০ নম্বরের মধ্যে)** | জঙ্গীবাদ, সন্ত্রাস, বাল্যবিবাহ, মাদক, যৌতুক প্রতিরোধ এবং শিশু শ্রম ও সমজাতীয় কার্যক্রম নিরসনের ক্ষেত্রে আবেদনকারীর অবদান বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ চেতনা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম, সমাজকল্যাণ, নারী উন্নয়ন, পরিবেশ উন্নয়ন, স্বাস্থ্য সেবা, কৃষি, শিল্প, পল্লী উন্নয়ন, সংস্কৃতি ও ক্রীড়া ক্ষেত্রে আবেদনকারীর অবদান বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | কার্যক্রমের সময়কাল বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | জাতীয় বা আন্তর্জাতিক অন্যান্য স্বীকৃতি পুরস্কার /বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | সামাজিক মাধ্যম এবং গণমাধ্যমে প্রচার বিবেচনায় মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | প্রতিফলনযোগ্যতা (Replicability) বিবেচনায় (আবেদনকারীর কার্যক্রম সমাজে অনুসরণ, অনুকরণ, ও ফলাফল বিষয়ক) মূল্যায়ণ **(সর্বোচ্চ ০৫ নম্বরের মধ্যে)** | সর্বমোট প্রাপ্ত নম্বর | জেলা কমিটির মন্তব্য/সুপারিশ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. | | | | | | | | | | | | | |
| ২. | | | | | | | | | | | | | |

জেলা প্রশাসক
ও
সভাপতি
"শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" এর আবেদনপত্র
যাচাই-বাছাই সংক্রান্ত জেলা কমিটি

ছক-৩

**চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড-২০২৪" প্রদানের নিমিত্ত জেলা কমিটি কর্তৃক মানবণ্টনের নির্দেশকভিত্তিক মূল্যায়ণ অনুযায়ী মেধাক্রমের শীর্ষ ০৫ (পাঁচ) জনের তালিকা**

**ক্যাটাগরির নামঃ**...........................................................................

| ক্রমিক নং | আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম ও স্থায়ী ঠিকানা এবং জাতীয় পরিচয়পত্র | আবেদনকারীর বর্তমান ঠিকানা | আবেদনকারীর মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর | জেলা কমিটি কর্তৃক সর্বমোট মূল্যায়ণ নম্বর **(শীর্ষ পাঁচ)** | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | | | | | |
| ২. | | | | | |
| ৩. | | | | | |
| ৪. | | | | | |
| ৫. | | | | | |

জেলা প্রশাসক
ও
সভাপতি
"শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড" এর আবেদনপত্র
যাচাই-বাছাই সংক্রান্ত জেলা কমিটি